জনগোষ্ঠির ঝুঁকি নিরূপণ (সিআরএ) প্রতিবেদন

ইউনিয়ন ফুলছড়ি

উপজেলা ঃ ফুলছড়ি, জেলা ঃ গাইবান্ধা

বাস্তবায়নে ঃ ফুলছড়ি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

ফুলছড়ি ইউনিয়নের জনগোষ্ঠির ঝুঁকি নিরূপণ (সিআরএ) প্রতিবেদন, ২০১১

ঠিকানা ঃ
ইউনিয়ন ঃ ফুলছড়ি, উপজেলা ঃ ফুলছড়ি, জেলা ঃ গাইবান্ধা

প্রতিবেদন প্রণয়ন ঃ
ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ফুলছড়ি, উপজেলা ফুলছড়ি, গাইবান্ধা

ভাষা বিন্যাস ও সম্পাদনা সহযোগিতা ঃ
নিগার দিল নাহার,
মোহাম্মদ নুরুল আলম রাজু,
ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড-বাংলাদেশ

সহায়তাকারী প্রতিষ্ঠান ঃ এসকেএস ফাউণ্ডেশন, গাইবান্ধা

যাচাইকারী প্রতিষ্ঠান/ব্যক্তি ঃ
সদস্য সচিব, ইউডিএমসি,
ফুলছড়ি ইউনিয়ন, ফুলছড়ি, গাইবান্ধা

অনুমোদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তি ঃ
- চেয়ারম্যান, ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি
- উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা

সার্বিক সমন্বয় ঃ
ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড-বাংলাদেশ

সহায়তায় ঃ
ইউরোপিয়ান কমিশন হিউম্যানিটারিয়ান এইড এন্ড সিভিল প্রটেকশন

সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসুচি (সিডিএমপি) এর গাইডলাইন অনুযায়ী ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড-বাংলাদেশ'র সহায়তায় স্থানীয় উন্নয়ন সংস্থা এসকেএস ফাউণ্ডেশন গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ফুলছড়ি ইউনিয়নে কমিউনিটিভিত্তিক দুর্যোগ ঝুঁকিহ্রাস কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রাথমিকভাবে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় এই খসড়া সিআরএ কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এই সিআরএ কর্মপরিকল্পনাটি পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধনযোগ্য।

সূচীপত্র

১	ভূমিকা	৫
২	ফুলছড়ি ইউনিয়নে সিআরএ সম্পাদনের প্রেক্ষাপট	৫
৩	সিআর এ কার্যক্রম বাস্তবায়নের সবল ও দূর্বল দিক এবং সুপারিশ পত্র	৬
৪	এলাকা পরিচিতিঃ ফুলছড়ি ইউনিয়ন	৬
৫	দুর্যোগের বিপদাপন্নতা	৯
৬	সামাজিক ও আপদের মানচিত্র	১০
৭	ফুলছড়ি ইউনিয়নের আপদ চিহ্নিতকরণ	১১
৮	আপদের কারণে স্থানীয় জনগোষ্ঠি যে সকল সমস্যার সম্মুখীন হন	১১
৯	সমস্যার কারণসমূহ	১৪
১০	ঝুঁকির বর্ণনা	২০
১১	ঝুঁকি মোকাবেলার জন্য চিহ্নিত উপায়সমূহের প্রস্তুত ও অগ্রাধিকারকরণ	২৫
১২	এক নজরে ফুলছড়ি ইউনিয়নের ঝুঁকি হ্রাস কর্মপরিকল্পনা ঃ	২৯
১৩	উপজেলা পর্যায়ে বাস্তবায়নযোগ্য কাজের কর্ম-পরিকল্পনা	৩৯
১৪	সিআরএ পরিচালনায় সহায়তাকারীদের (ফ্যাসিলিটেটর) সার্বিক মন্তব্য	৪১
১৫	পরিশিষ্ট	৪৩

মুখবন্ধ

ত্রাণ নির্ভরতা থেকে দুর্যোগ ঝুঁকিহ্রাসকরণ প্রক্রিয়াকে সারা বিশ্বের দুর্যোগপ্রবণ দেশসমুহ গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করা শুরু করেছে। উন্নয়নশীল দেশসমুহ তাদের উন্নয়ন কর্মকান্ড এবং পরিকল্পনার মুলধারায় ঝুঁকি হ্রাসকরণ প্রক্রিয়াকে অগ্রাধিকারভিত্তিতে নিয়ে আসার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়া জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীব্যাপী সৃষ্ট নতুন নতুন আপদ ও আপদ সংশ্লিষ্ট ঝুঁকি হ্রাসকরণের লক্ষ্যে বৈজ্ঞানিক তথ্য ও ভবিষ্যত প্রবণতা বিশ্লেষণ করে কার্যকর পরিকল্পনা গ্রহণ জরুরী হয়ে পড়েছে।

এরই ধারাবাহিকতায় দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রমকে স্থানীয় উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসুচি'র (সিডিএমপি-২) গাইড লাইন অনুযায়ী নদী তীরবর্তী গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ফুলছড়ি ইউনিয়নে আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড-বাংলাদেশ'র সমন্বয়ে এসকেএস ফাউন্ডেশন'র সহায়তায় স্থানীয় ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গ্রাম, ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ঝুঁকি হ্রাস ও চাহিদা নিরুপণ (সিঅঅরএ) কার্যক্রম বাস্তবায়ন করে।

এই সিআরএ পরিকল্পনাটি স্থানীয় উন্নয়ন তথা স্থানীয় সরকারের অন্যতম স্তর ইউনিয়ন পরিষদ এর দীর্ঘদিনের উন্নয়ন কার্যক্রমকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে বিশেষ ভুমিকা রাখবে। এই পরিকল্পনা যেহেতু স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় বিভিন্ন পেশাজীবীর অংশগ্রহণের ভিত্তিতে তৈরি করা হয় তাই এখানে গ্রামীণ দরিদ্র নারী পুরুষ, প্রতিবন্ধী, বৃদ্ধ, শিশু, শিক্ষক, ধর্মীয় নেতা, কৃষকসহ সকলের মতামত গৃহীত হয়েছে। এখানে সকলেল মতামত এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ পদ্ধতির মাধ্যমে স্থানীয় উন্নয়ন ও ঝুঁকিহ্রাস কার্যক্রমের ছোট ছোট প্রকল্পের প্রস্তাব গ্রহণ করা হয়।

ফলে, বর্তমান অবস্থার প্রেক্ষিতে সিআরএ কার্যক্রমটি এই ইউনিয়নের সকল জনগণের দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে এবং এই এলাকার সাধারণ ও দরিদ্র মানুষের দুর্যোগ মোকাবেলার সহায়িকা হিসেবে কাজ করবে। তবে আমাদের সকলের তথা এই ইউনিয়নবাসীকে আরও বেশি সচেতন হয়ে তাদের অধিকার আদায়ে সচেষ্ট হতে হবে, কেননা পরিকল্পনায় উল্লেখ থাকলেও জনগণের সরকারি সেবা প্রাপ্তিতে স্থানীয় সরকারের সাথে নিবিড় সংযোগ স্থাপন করে তাদের দাবির কথা তুলে ধরতে হবে এবং এই সিআরএ পরিকল্পনার সময়সূচী অনুযায়ী বাস্তবায়নে সহযোগিতা করতে হবে এবং সর্বোচ্চ আন্তরিকতর সাথে তা চর্চা করতে হবে।

পরিশেষে, যে সকল শ্রেণী পেশার মানুষ এই প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত হয়ে সার্বিক সহায়তা ও পরিশ্রম করেছে তাদের সকলকেই আন্তরিক অভিন্দন জানাই।

এম.এ সবুর সরকার (বীর মুক্তিযোদ্ধা)
চেয়ারম্যান
ফুলছড়ি ইউনিয়ন পরিষদ
ফুলছড়ি, গাইবান্ধা।

সভাপতি

ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
ফুলছড়ি ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।

ফুলছড়ি ইউনিয়নের জনগোষ্ঠির ঝুঁকি নিরূপণ (সিআরএ) প্রতিবেদন

১ ভূমিকা

বাংলাদেশ নদী মাতৃক দেশ। এ দেশের প্রায় প্রতিটি জেলার ওপর দিয়েই বয়ে গেছে অসংখ্য নদী। গাইবান্ধা জেলার পাশ দিয়ে বয়ে গেছে ব্রক্ষপুত্র, তিস্তা ও যমুনা নদী। ভৌগোলিক অবস্থানগত কারণেই বন্যা, নদী ভাঙ্গন, খরা, ঝড়-তুফানের মতো ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগগুলো এই জেলায় নিয়মিতভাবে আঘাত করে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে প্রাকৃতিক এই দুর্যোগগুলোর মাত্রা ও তীব্রতা ক্রমাগত বাড়ছে। সেই সাথে ক্রমাগতভাবে বাড়ছে হত দরিদ্র সাধারণ মানুষের জীবন ও জীবিকার ঝুঁকি এবং বাধাগ্রস্থ হচ্ছে দেশের সামগ্রিক উন্নয়ন কর্মকান্ড। কোন ব্যক্তি, পরিবার বা সমাজের দুর্যোগ ঝুঁকির মাত্রা নির্ভর করে ঐ ব্যক্তি, পরিবার বা সমাজের দুর্যোগের সাথে টিকে থাকার সক্ষমতা ও বিপদাপন্নতার ওপর, যে ব্যক্তি, পরিবার অথবা সমাজের বিপদাপন্নতা যত বেশি সেই ব্যক্তি পরিবার বা সমাজের ঝুঁকির মাত্রাও তত বেশি।

গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ফুলছড়ি ইউনিয়ন যমুনা নদীর ভাঙ্গন ও বন্যা পিড়িত এলাকা। এই এলাকার জনগোষ্ঠীর জীবনযাত্রার মান খুবই নিম্ন মানের। প্রতি বছরই নদী ভাঙ্গন আর বন্যা এই এলাকার হাজারও মানুষের সহায় সম্পদ, ঘরবাড়ি নদীতে ভাসিয়ে নিয়ে যায়, আর তখন এখানকার মানুষের দারিদ্রতা ভয়াবহ রূপ নেয়, ফলে চুরি-ডাকাতি, ভিক্ষাবৃত্তি, শিশু শ্রম, বাল্যবিবাহ, যৌতুক, বহুবিবাহ এবং পর-নির্ভরশীলতা বেড়ে যায়।

এই অবস্থা নিরসনের লক্ষ্যে স্থানীয় মানুষের দুর্যোগ ঝুঁকি কমিয়ে আনার জন্য এবং ইতিবাচক চর্চাকে উৎসাহিত করার মাধ্যমে দুর্যোগ প্রস্তুতি ও মোকাবেলায় দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে স্থানীয় সংস্থা এসকেএস ফাউণ্ডেশন ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে সিআরএ পরিকল্পনা প্রণয়নের কৌশল নির্ধারণ করে। এই সিআরএ পরিকল্পনা মূলত স্থানীয় জনগোষ্ঠীকে দুর্যোগের পুর্ব প্রস্তুতিতে দক্ষ করে তোলা, স্থানীয় সমস্যাগুলি চিহ্নিত করে সমাধানের মাধ্যমে দুর্যোগের ঝুঁকি কমানো, দুর্যোগ মোকাবেলায় দক্ষ করা, এবং দুর্যোগ পরবর্তী সময়ে ক্ষয়-ক্ষতি কাটিয়ে উঠে দ্রুততম সময়ে পুর্বের অবস্থায় ফিরিয়ে আনার উপর গুরুত্ব আরোপ করে। এই পরিকল্পনার সঠিক বাস্তবায়ন এই এলাকার জনগোষ্ঠির দুর্যোগ ঝুঁকিহ্রাস করে জীবন মানের পরিবর্তনে অত্যন্ত গুরুত্বপুর্ণ ভুমিকা রাখবে।

২ ফুলছড়ি ইউনিয়নে সিআরএ সম্পাদনের প্রেক্ষাপট

বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলের অন্যতম জেলা গাইবান্ধা। জেলার পাশ দিয়ে বয়ে যাওয়া যমুনা নদীর তীরে অবস্থিত কয়েকটি উপজেলা খুবই ঝুঁকিপূর্ণ, যার অন্যতম ৫ নং ফুলছড়ি ইউনিয়ন। প্রায় ১১,৭৯৯ একর আয়তন ও প্রায় ৫৪৭২টি পরিবারের বসতিস্থল ফুলছড়ি ইউনিয়নের চারপাশে যমুনা নদী প্রবাহিত হওয়ার কারণে ইউনিয়নটি একটি চরভূমি হিসেবে পরিণত হয়েছে।

এখানকার মানুষের পূর্ব প্রস্তুতিমূলক ব্যবস্থা সর্ম্পকে তেমন কোন ধারণা নেই বললেই চলে। দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে করণীয় সর্ম্পকে তাদের জ্ঞান সীমিত, ফলে বেড়ে যাচ্ছে হত-দরিদ্র সাধারণ মানুষের জীবন ও জীবিকার ঝুঁকি এবং বাধাগ্রস্থ হচ্ছে ইউনিয়নের সামগ্রিক উন্নয়ন কর্মকান্ড।

এরই প্রেক্ষিতে সিআরএ'র মাধ্যমে বিপদাপন্ন জনগোষ্ঠী নিজেরাই নিজেদের দুর্যোগ ঝুঁকি, বিপদাপন্নতা, সক্ষমতা চিহ্নিত করতে পারে এবং তার ভিত্তিতে একটি কার্যকর ঝুঁকিহ্রাস কর্ম-পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে পারে। সেই উদ্দেশ্যকে বিবেচনা করেই ফুলছড়ি ইউনিয়নে সিআরএ সম্পাদনের পরিকল্পনা করা হয়েছে।

৩ সিআর এ কার্যক্রম বাস্তবায়নের সবল ও দূর্বল দিক এবং সুপারিশ পত্র

সুবিধাসমূহ ঃ

১. সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ এবং নদী ভাঙ্গন এলাকা ফলে অধিক তথ্য বহুল;
২. গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ ও তথ্য প্রদানে সহায়ক;
৩. ইউডিএমসি এর সকল সদস্যের পুর্ণ অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা;
৪. দলীয় কাজের উপযোগী পরিবেশ ছিল;
৫. বিভিন্ন দুর্গম চর এবং বিচ্ছিন্ন এলাকার প্রতিনিধিদের আনা-নেয়ার জন্য নৌকার ব্যবস্থাপনা ভালো ছিল।

অসুবিধাসমূহ ঃ

১. সিআরএ কার্যক্রমে তুলনামুলকভাবে নারীর অংশগ্রহণ কম ছিল;
২. নারীদের আলাদা কোন ল্যাট্রিনের ব্যবস্থা ছিল না। তবে তারা আশেপাশের বাড়ীতে গিয়ে প্রয়োজনীয় কাজ সারলেও এতে বেশ কিছু সময় নষ্ট হয়:
৩. সিআরএ করার সময় উক্ত ইউনিয়নের সর্বত্র পাট শুকানোর ব্যস্ত সময় ছিল; ফলে নির্ধারিত সময়ে কার্যক্রম শুরু করা কঠিন ছিল।

সুপারিশ

- সিআরএ করার জন্য অংশগ্রহণকারীর সম্মানী ভাতা ব্যবস্থা করলে ভাল হয়। এবং খাদ্য ব্যবস্থাপনা আরও উন্নতমানের করা প্রয়োজন।

৪ এলাকা পরিচিতিঃ ফুলছড়ি ইউনিয়ন

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। ভৌগলিক অবস্থানের দিক থেকে এই দেশের অনেকগুলো জেলা বিভিন্ন নদীর তীরে অবস্থিত। বাংলাদেশের উত্তরের জেলাগুলোর অন্যতম গাইবান্ধা ব্রম্মপুত্র, তিস্তা এবং যমুনা নদীর তীরে অবস্থিত। জানা গেছে, পূর্বে এ এলাকার কোন এক জমিদারের অনেক বড় গো-চারণ ভূমি ছিল, পরবর্তীকালে সেটিই ধীরে ধীরে সাধারণ মানুষের আলোচনার সূত্র ধরে নাম হয়েছে গাইবান্ধা। গাইবান্ধা জেলা ৭টি উপজেলা, ৩টি পৌরসভা, এবং ৮২টি ইউনিয়ন নিয়ে গঠিত। এর উত্তরে কুড়িগ্রাম ও রংপুর, পশ্চিমে দিনাজপুর, দক্ষিণে বগুড়া এবং পূর্বে যমুনা ও ব্রহ্মপূত্র নদীর কোল ঘেঁষে জামালপুর জেলা অবস্থিত। এখানকার মানুষের জীবন-জীবিকা স্থানীয় আবহাওয়া ও জলবায়ুর জালে আবদ্ধ, ফলে এলাকার মানুষের জীবন-যাত্রার মান তুলনামূলকভাবে নিম্নতর।

জেলায় প্রায় ৭৫ কি.মি. মিটারগেজ রেলপথ রয়েছে। জেলার প্রায় ৩০ ভাগ এলাকা বড় বড় ৩টি নদীর জেগে ওঠা চর। চরগুলোতে প্রায় ৩০% শতাংশ লোকের বাস। চর এলাকায় একমাত্র নৌকা ছাড়া যাতায়াতের আর কোন মাধ্যম নেই, ফলে স্বাস্থ্য-সেবা, কৃষি বাজার, শিক্ষা সচেতনতাসহ নানারকম কার্যক্রম তুলনামুলকভাবে সবসময় পিছিয়ে থাকে। জীবন-জীবিকার তাগিদে এই জেলার শ্রমিকের একটি বড় অংশ শ্রম বিক্রির জন্য প্রতিবছরই জেলার বাইরে আয়ের উদ্দেশ্যে স্থানান্তরিত হয় এবং নদী ভাঙ্গনের ফলে এখানে প্রতিবছরই কিছু কিছু পরিবার জেলার বাইরে জীবিকার সন্ধানে স্থানান্তর হয়, এবং ফলতঃ সহায় সম্পদ হারিয়ে দূর্বিসহ জীবন-যাপন করে।

উপজেলা সদর থেকে ফুলছড়ি ইউনিয়নের দুরত্ব প্রায় ১৩ কি.মি.। ফুলছড়ি ইউনিয়নের পূর্ব দিকে রয়েছে জামালপুর জেলার ইসলামপুর উপজেলা, পশ্চিমে রয়েছে গজারিয়া ইউনিয়ন, উত্তরে ফজলুপুর আর দক্ষিণে সাঘাটা উপজেলার অবস্থান। এই উপজেলার চারপাশে নদীবেষ্টিত ফলতঃ কোন রাস্তা-ঘাট নেই। তবে সামান্য কাঁচা রাস্তা রয়েছে, যার উপর দিয়ে সাইকেল, মটর সাইকেল ও ভ্যান চলাচল করে। যোগাযোগের প্রধান মাধ্যম হলো নৌকা বা পায়ে হাঁটা।

মূলতঃ ফুলছড়ির মানুষ নৌকাতেই এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে। ইউনিয়নের চারপাশে নদী থাকায় এবং যোগাযোগের কোন সহজ ব্যবস্থা না থাকায় তেমন কোন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এখানে গড়ে ওঠেনি। সরকারি কোন মাধ্যমিক বিদ্যালয় বা কলেজ এখানে নেই। স্থানীয় ইউনিয়ন পরিষদই এখানে উন্নয়নের প্রধান কেন্দ্রস্থল। মাত্র ৪টি বাজর এখানকার মানুষের প্রয়োজন মেটায়। পরিষদের মাধ্যমে স্থানীয় জনগণ ও হত দরিদ্র পরিবার সামান্য সহযোগিতা পেয়ে থাকে। পাশাপাশি অল্প সংখ্যক এনজিও এখানে সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে।

কৃষি নির্ভর এই এলাকার মানুষ মাছচাষ ও মাছ ধরা, ছোট ছোট ব্যবসা, রিক্সা চালানো, দিনমজুর এবং অন্যান্য পেশার মাধ্যমে জীবিকা নির্বাহ করে।

গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলা একটি দুর্যোগপ্রবণ উপজেলা, কেননা এই উপজেলার মধ্য দিয়ে বয়ে গেছে যমুনা নদী। ফুলছড়ি উপজেলার ওপর দিয়ে নদী বয়ে যাওয়ার কারণে প্রায় সব সময়ই এই জেলা দুর্যোগ আক্রান্ত থাকে, যা জেলার মানুষের জীবন ও জীবিকাকে মারাত্মক ক্ষতিগ্রস্থ করে। ফলে মানুষের জীবনযাত্রার মান নিম্ন থেকে নিম্ন পর্যায়ে নেমে আসছে। বন্যা, খরা, নদী ভাঙ্গন, ঝড়-এই অঞ্চলের মানুষের প্রতি বছরের সঙ্গী হয়ে গেছে। তারপরও এই অঞ্চলের মানুষ প্রতিনিয়ত প্রকৃতির সাথে যুদ্ধ করে টিকে আছে।

প্রায় প্রতিবছর বিভিন্ন দুর্যোগের সাথে লড়াই করে বেঁচে থাকার জন্যে মানসিক শক্তি আর দৃঢ় মনোবলই একমাত্র সম্বল, যদিও এখানে সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থা উন্নয়নমুলক সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। তবে চাহিদার তুলনায় তা নিতান্তই নগন্য। তাই আগামী দিনে আরও বেশি জোটবদ্ধ হয়ে স্থানীয় সরকারকে কার্যকর করে স্থায়ীত্বশীল উন্নয়নের ব্যাপক পরিকল্পনা গ্রহণ ও তা কার্যকর বাস্তবায়ন করলে এখানকার মানুষের জীবন-জীবিকার স্থায়ীত্বশীল পরিবর্তন আসবে।

একনজরে ফুলছড়ি ইউনিয়নের আবকাঠামোগত চিত্র

আবকাঠামোর নাম	সংখ্যা	আবকাঠামোর নাম	সংখ্যা
ইউনিয়নের আয়তন	১৭.২৫ বর্গ মাইল	মোট জমির পরিমান	
মোট জনসংখ্যা	২৩৫০০ জন(নারী=১৩৩০০ পরুষ=১০২০০ প্রায়)	আবাদী জমির পরিমান	১৩০০ একর
মোট পরিবারের সংখ্যা	৫৪৭২টি	নদী ভাঙ্গনের বিলীন	৯৫০ট
হতদরিদ্র পরিবার	৩২১০টি	দ্বীপ চরের সংখ্যা	০৩ট
দরিদ্র পরিবার	১২৩৫টি	মসজিদ	৪৩ট
শিক্ষার হার	২২%	মন্দির	নাই
শিক্ষা প্রতিষ্ঠান	১২টি	গীর্জা	নাই
পোষ্ট অফিস	নাই	ক্লিনিক	০৩ট
গভীর নলকূপ	নাই	ব্রীজ	০১টি
হাট /বাজার	৪টি	কালভার্ট	০৩টি
প্রধান প্রধান আপদ সমূহ	বন্যা, নদীভাঙ্গন ও ঘূর্ণিঝড়	রাস্তাঘাট	২৫কিঃমিঃ কাঁচা এবং ১কিঃমিঃ পাঁকা
বন্যার আশ্রয় কেন্দ্র	০২টি	মোট প্রতিবন্দী সংখ্যা	৮৩ জন
মোট বয়স্ক ব্যক্তির সংখ্যা	৪৪৪ জন	কৃষক পরিবার সংখ্যা	৯০%
নিচু বাড়ীর সংখ্যা	১৩৬৫টি	পাঁচ বছরের নীচে শিশু	৯৩৬০ জন
ভুমিহীন পরিবার সংখ্যা	৩৪০০টি	চাকুরীজীবি পরিবার	২৭৫টি
নারী প্রধান পরিবার	৩৭৭ টি	মুক্তিযোদ্ধা জন	১৭জন

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ কার্যালয়, সাক্ষাৎকার, এলাকা পরিভ্রমণ			

৫ দুর্যোগের বিপদাপন্নতা

ফুলছড়ি ইউনিয়ন গাইবান্ধা জেলার মধ্যে ফুলছড়ি উপজেলার ১টি অন্যতম দ্বীপচর। জেলা শহরের দক্ষিণ পুর্বকোণ উপজেলা কমপ্লেক্স থেকে প্রায় ২৫ কিঃমিঃ দুরে এটি অবস্থিত। এই ইউনিয়নের পশ্চিম পাশে ব্রন্মপুত্র নদীর ১টি চ্যানেল বহমান এবং পুর্বদিক দিয়ে পুরাতন ব্রম্মপুত্র নদী বয়ে চলেছে। পুর্ব পশ্চিমের ২টি নদীই ইউনিয়নের ভাটির দিকে গিয়ে যমুনা নদীতে মিলিত হয়েছে। ইউনিয়নটিকে ছোট ছোট ক্যানেলে প্রায় ৭টি দ্বীপ চরে বিভক্ত করেছে। ফলে চরগুলো বর্ষা মৌসুমে মানুষের অসহায়ের কারণ হয়ে দাঁড়ায়। এখানকার অর্থনৈতিক চিত্র খুব বেশি স্বাধীন সমৃদ্ধ নয়। বেশির ভাগ পরিবারেই নারীরা পুরুষের সিদ্ধান্তের উপর নির্ভরশীল। দরিদ্র এলাকা হওয়ায় মঙ্গা মৌসুমে প্রচুর পরিমাণ পুরুষ শ্রম বিক্রির উদেশ্যে এলাকা ত্যাগ করে দেশের অন্যান্য শহরে পাড়ি জমায়।

প্রধান প্রধান বিপদাপন্নতার মধ্যে রয়েছে বন্যায় রাস্তাঘাট তলিয়ে যাওয়া, বন্যার সময় বিদ্যালয়ের কার্যক্রম বন্ধ থাকা, জমির ফসল নষ্ট হওয়া, ঘরবাড়ী তলিয়ে যাওয়া, বীজ ও ফসল নষ্ট হওয়া, নদীভাঙ্গনের ফলে এবং বালুতে চর পড়ে ফসলী জমি কমে যাওয়া, জেলা ও উপজেলা শহরের সাথে সংযোগ সড়ক না থাকা, স্বাস্থ্য ও চিকিৎসা সেবা সুবিধা না থাকা ইত্যাদি। চর পুরাতন হওয়ার

কারণে উঁচু জমিগুলোতে মরিচ, বাদাম, ভুট্টা, ডাল, বেগুন, ধান, গম, মিষ্টি আলু, মিষ্টি কুমড়াসহ নানা ধরনের ফসল উৎপাদন হয় তবে তা চাহিদার তুলনায় কম। রাস্তা বন্যায় ভেসে যাওয়ার ফলে চলাচলের খুব কষ্ট হয়। তাই বর্ষা মৌসুমে চরে চলাচলের একমাত্র বাহন নৌকা আর ভেলা। ইউনিয়নে দরিদ্র পরিবারের সংখ্যাই বেশি ফলে বেশির ভাগ মানুষই দিন মজুরী করে দিন অতিবাহিত করে।

অতীতেও এই ইউনিয়নে বন্যা নদী ভাঙনে মানুষের জীবন ও সম্পদের ব্যাপক ক্ষতি হয়েছে। বিশেষ করে ১৯৮৮, ১৯৯৮ ও ২০০৭ সালের প্রলম্বিত বন্যা এ এলাকার সাধারণ মানুষের জীবনকে দূর্বিষহ করে তুলেছিল।

এছাড়াও জলবায়ু পরিবর্তনের প্রভাবে অসময়ে বন্যা, নদী ভাঙ্গন আর অনেক ফসল নষ্ট হয়ে যায় অথবা পরিমাণ মত ফসল উৎপাদন হয়না। জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সহনশীল ফসল/বীজ উৎপাদন খুবই কষ্টসাধ্য। এই ইউনিয়নটিতে প্রায় ১০টিরও বেশি এনজিও তাদের পছন্দ অনুযায়ী ভিন্ন ভিন্ন রকম কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ইউনিয়নে শিক্ষার হার প্রায় ২২% ভাগ। মোট জনসংখ্যা ২৩৫০০ জন (তথ্য ইউপি-২০১০সাল)।

৬ সামাজিক ও আপদের মানচিত্র

ফুলছড়ি ইউনয়নের সামাজিক ও আপদের মানচিত্র নিচে দেয়া হলোঃ



৭ ফুলছড়ি ইউনিয়নের আপদ চিহ্নিতকরণ

বর্তমান		ভবিষ্যৎ	
আপদ	**অগ্রাধিকার**	**আপদ**	**অগ্রাধিকার**
বন্যা	১	অসময়ে বড় বন্যা	২
নদী ভাঙ্গন	২	অতিবৃষ্টি	৪
খরা	৩	ভূমিকম্প	৭
ঘূর্নিঝড়	৪	টর্নেডো	৬
কালবৈশাখী	৫	অতিমাত্রায় নদী ভাঙ্গন	১
শৈত্য প্রবাহ	৬	শিলা বৃষ্টি	৫
আগুন লাগা	৭	অতি খরা	৩

৮ আপদের কারণে স্থানীয় জনগোষ্ঠি যে সকল সমস্যার সম্মুখীন হন

আপদ	আপদের কারণে সৃষ্ট সমস্যাসমূহ
বন্যা	বাড়িতে পানি উঠে
	বাড়ী ভেঙ্গে যায়
	নিরাপদ পানির অভাব
	রোগ বালাই বৃদ্ধি পায়
	শাক-সব্জির বাগান নষ্ট হয়ে যায়
	গরু ছাগল, হাঁস-মুরগী ভেসে যায় ও মারা যায়
	বেকারত্ব বাড়ে
	যাতায়াতের বিঘ্ন ঘটে
	ছেলেমেয়ে স্কুলে যেতে পারে না
	লেখাপড়া বন্ধ ও ব্যাহত হয়
	গর্ভবতী মহিলাদের প্রসবকালীন কষ্ট বেড়ে যায়
	দুই বেলা না খেয়ে থাকতে হয়
	ফসলের ক্ষতি হয়
	বীজতলা নষ্ট হয়
	স্থানীয় আমন ধান তলিয়ে গিয়ে পচে যায়

	চুরি ডাকাতি বৃদ্ধি পায়
	খাদ্যের অভাব দেখা দেয়
	প্রতিবন্ধিদের থাকা-খাওয়ার বিঘ্ন ঘটে
	প্রতিবন্ধি ব্যক্তিদের চলাচলে সমস্যা হয়
	প্রতিবন্ধিদের মানসিক কষ্ট বাড়ে
	প্রতিবন্ধিদের প্রাণহানীর সম্ভাবনা থাকে
	প্রতিবন্ধি ব্যক্তিরা কর্মহীন হয়ে পড়ে
	বয়স্ক ব্যক্তিরা সুবিধামত চলাফেরা করতে পারে না
	পায়খানা ব্যবহার করতে কষ্ট হয়
	বয়স্কদের প্রাণহানীর সম্ভাবনা থাকে
	আগাম সর্তক সংকেত পায়না
	স্বাস্থ্য সেবা পায়না
	নামাজ পড়তে পারে না
	আগাম সংবাদের ব্যবস্থা নাই
	সারাদিন ভেজা কাপড়ে থাকতে হয়
	চিকিৎসার অভাব দেখা দেয়
	শিক্ষার্থীরা দূর্বল হয়ে পড়ে
	শিশুরা আতংকে ভোগে
	শিশুরা অপুষ্টিতে ভোগে
	গৃহস্থালীর আসবাবপত্র, চেয়ার, টেবিল ইত্যাদি ভেসে যায় ও অন্যান্য সম্পদ পানিতে ভেসে যায়
	বয়স্কদের চলাফেরা, খাওয়া-দাওয়ায় বিঘ্ন ঘটে
	লাশ পানিতে ভাসিয়ে দিতে হয়
	হাঁস. মুরগী, গরু, ছাগল পানির দামে বিক্রি করতে হয়
	শিশু শ্রম বেড়ে যায়
	খোলা জায়গায় কলার ভেলায় করে পায়খানা করতে হয়
	শিশুর ডায়রিয়াসহ অন্যান্য রোগ বৃদ্ধি পায়
	দূর্ঘটনাজনিত কারণে প্রাথমিক চিকিৎসা দেওয়া সম্ভব হয় না
	প্রতিবন্ধি চাহিদা অনুযায়ী সরকারী অনুদান পায়না
	বয়স্করা তাদের উপযোগী ত্রাণ ও অনুদান পায়না
	খোলা আকাশের নিচে বসবাস করতে হয়
	মহিলা ও যুবতী মেয়েদের নিরাপত্তার অভাব দেখা দেয় এবং যৌন হয়রানি বেড়ে যায়
	বয়স্কদের ল্যাট্রিন ব্যবহারে কষ্ট হয়
	নারীদের ঋতুকালীন কষ্ট বেড়ে যায়
	জীবনের ঝুঁকি নিয়ে ঘরের চালায় বসবাস করা
	প্রতিবন্ধি ও বরস্কদের চিকিৎসার অভাব
	বয়স্কদের থাকা ও ঘুমানোর কষ্ট হয়
	বয়স্কদের খাবারের কষ্ট বেড়ে যায়
	রান্না করা যায়না
	শিশু প্রতিবন্ধি পানিতে ডুবে মারা যায়
	নলকূপ ও ল্যাট্রিন পানিতে ডুবে যায় ও ভেঙ্গে যায়
	নিরাপদ পানি পান ও পায়খানা করতে পারেনা (নারী, পূরুষ ও বয়স্করা)
	শাকসব্জি ও ফসল নষ্ট হয়ে যায়
	আশ্রয়হীন হয়ে পড়ে
	প্রসবকালীন ধাত্রী পাওয়া যায় না

	প্রয়োজনীয় সম্পদ স্থানান্তর করা যায় না
	বেশির ভাগ সময়ে এক বেলা খেয়ে দিন কাটাতে হয়
	খাবারের জন্য প্রয়োজনীয় শাক-সব্জি পাওয়া যায় না
	নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বেশি থাকে
	আমন ধান ও বীজতলা নষ্ট হয়ে যায়
	চুরি ডাকাতি বেড়ে যায়
	গবাদী পশুপাখি বন্যায় পানিতে ভেসে যায়
	দূর্ঘটনাজনিত কারণে দীর্ঘ মেয়াদী ক্ষত বৃদ্ধি পায়
	গবাদী পশু-পাখি ও মানুষ একই ঘরে থাকতে হয়
আপদ	**সমস্যাসমূহ**
নদী ভাঙ্গন	ঘরবাড়ি উঠানোর কোন জায়গা থাকেনা
	সকল সম্পদ ও মালামাল বিনষ্ট হয়ে যায়
	গাছপালা ক্ষতি হয়
	সামাজিক মর্যাদা কমে যায়
	প্রতিবন্ধিদের দূর্ঘটনা বেশি দেখা দেয়
	পর্যাপ্ত স্বাস্থ্যসেবা পাওয়া যায়না
	দারিদ্রতা বেড়ে যায়
	স্থানান্তরিত হওয়ার প্রবণতা বেড়ে যায়
	খোলা আকাশের নিচে বসবাস করতে হয়
	ভিক্ষা বৃত্তি বেড়ে যায় (প্রতিবন্ধি ও বয়স্ক)
	আবাদী জমি নষ্ট হয়ে যায়
	খোলা জায়গায় পায়খানা করতে হয়
	নিরাপদ পানির অভাব
	নির্যাতন ও যৌন হয়রানি বেড়ে যায়
	শিশুদের পড়ালেখা বন্ধ হয়ে যায়
	বিবাহ বিচ্ছেদ ঘটে
	খোলা জায়গায় আশ্রয় নিতে হয়
	অনেকে একসাথে বসবাস করতে বাধ্য হয়
	খোলা আকাশের নীচে বসবাস করতে হয়
	মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে
	লেখা-পড়া বন্ধ/ব্যাহত হয়
	খোলা জায়গায় প্রস্রাব/পায়খানা করতে হয়
	চিকিৎসা ও স্বাস্থ্য সেবা পায়না
	বিশুদ্ধ পানি পায় না
	বয়স্করা চলাফেরা করতে পারে না, অবহেলিত হয়ে পড়ে
	বাল্য বিবাহ ও বহু বিবাহ বেড়ে যায়
	নিরাপত্তাহীনতায় ভোগে; বিশেষ করে নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধি
	অতি দরিদ্র হয়ে যায়
	ভূমিহীন হয়ে যায়
	খাদ্যের অভাব ও মঙ্গা দেখা দেয়
আপদ	**সমস্যাসমূহ**
খরা	বীজ তলা পুড়ে যায় ও চারা নষ্ট হয়ে যায়
	ফসলের বিভিন্ন রোগ বালাই বেড়ে যায় ও ফসল পুড়ে যায়
	সময়মত ফসল বপন ও রোপন করা যায় না

	শিশু ডায়রিয়াসহ মানুষের অন্যান্য রোগ বালাই বেড়ে যায়
	জমির উর্বরতা নষ্ট হয়
	ছেলেমেয়েদের পড়ালেখা নষ্ট হয়
আপদ	**সমস্যাসমূহ**
কালবৈশাখী	বাড়ী ঘর ও অবকাঠামো ভেঙ্গে যায়
	বয়স্ক, শিশু, প্রতিবন্ধীর নিরাপত্তার অভাব
	প্রানহাণী ঘটে
আপদ	**সমস্যা**
শৈত্য প্রবাহ	বয়স্ক, শিশু, নারী ও প্রতিবন্ধি মারা যায়
	গবাদী পশু পাখি মারা যায়

৯ সমস্যার কারণসমূহ

সমস্যাসমূহ	সমস্যার কারণসমূহ	অগ্রাধিকার
বাড়িতে পানি উঠে	• বসত বাড়ি নিচু	১
বাড়ী ভেঙ্গে যায়	• দূর্বল অবকাঠামো	৩
নিরাপদ পানির অভাব	• নলকুপের গোড়া পানি ওঠে • পর্যাপ্ত নলকুপের অভাব	৬
রোগ বালাই বৃদ্ধি পায়	• যেখানে সেখানে মলমূত্র ত্যাগ করে এবং পচা ও মৃতদেহ ভাসিয়ে দেওয়া হয় • খোলা জায়গায় পায়খানা করা • দুষিত পানি পান করতে হয় • পানিতে বেশি সময় ধরে আটকে থাকতে হয়	৭
শাক-সব্জির বাগান নষ্ট হয়ে যায়	• বন্যা সহনশীল বীজ না পাওয়া • শাকসবজির বাগান নিচু এবং বাগানে পানি ওঠে	৯
গরু ছাগল, হাঁস-মুরগী ভেসে যায় ও মারা যায়	• আগাম সংবাদ না পাওয়া • সমাজভিত্তিক বন্যা পুর্বাভাস সর্তকীকরণ ব্যবস্থা না থাকা • সংরক্ষণের উপযুক্ত স্থান না থাকা • খাদ্যের অভাবে বান ডোবা (পানিতে ডুবিয়ে যাওয়া) ঘাস খায়	১০
বেকারত্ব বাড়ে	• কাজের কোন সুযোগ নাই • এলাকায় কাজের সুযোগ থাকে না	১১
যাতায়াতের বিঘ্ন ঘটে	• রাস্তাঘাট ডুবে যায় • রাস্তাঘাট ভেঙ্গে যায়	৪
ছেলেমেয়ে স্কুলে যেতে পারে না	• স্কুলের মাঠ ডুবে যায় • স্কুল ঘরে পানি ওঠে • রাস্তায় পানি ওঠে এবং অনেক সময় ভেঙ্গে যায় • স্কুল ঘর আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার হয়	১২
লেখাপড়া বন্ধ ও ব্যাহত হয়	• স্কুল ঘর ও মাঠ ডুবে যায়	১৩

	• স্কুলের রাস্তা নিচু ও সংস্কার করা হয় না	
গর্ভবতী মহিলাদের প্রসবকালীন কষ্ট বেড়ে যায়	• সময় মত ধাত্রী পাওয়া যায় না • দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে নেওয়ার ব্যবস্থা থাকে না • প্রশিক্ষণ প্রাপ্ত ধাত্রী নেই	১৯
দুই বেলা না খেয়ে থাকতে হয়	• আলগা চুলা থাকা • শুকনা খাবার না থাকা • খাবারের যোগান থাকে না • খাদ্য ক্রয় করার সামর্থ থাকে না	২০
ফসলের ক্ষতি হয়	• ফসল রক্ষা বাঁধ না থাকা • অসময়ে বন্যা • বন্যা সহনশীল চারা না থাকা	২১
বীজতলা নষ্ট হয়	• অসময়ে বন্যা • বন্যা সহনশীল চারা না থাকা	২৩
স্থানীয় আমন ধান তলিয়ে গিয়ে পচে যায়	• হঠাৎ করে অনেক পানি আসে • অসময়ে বন্যা • জলাবদ্ধতা ও অধিক বৃষ্টিপাত • বন্যাসহনশীল জাতের বীজের ব্যবস্থা না থাকা	২৫
চুরি ডাকাতি বৃদ্ধি পায়	• বাড়ির কাছে নৌকা চাপানো সহজ হয় • লোকজন একাত্রিত হতে পারেনা • প্রশাসনের নজরদারি থাকেনা/কম থাকে • চরে/এলাকায় স্থানীয়ভাবে কোন নৌকা না থাকা	২৬
খাদ্যের অভাব দেখা দেয়	• পর্যাপ্ত পরিমাণ খাদ্য সরবরাহ থাকেনা • দ্রব্য মূল্যের দাম বেড়ে যায় • কর্মসংস্থানের অভাবে খাদ্য ক্রয় ক্ষমতা কমে যায়	২৭
প্রতিবন্ধিদের থাকা-খাওয়ার বিঘ্ন ঘটে	• পরিবারের লোকজন অন্য কাজে ব্যস্ত থাকা • দেখা শুনা ও নজর দিতে পারেনা • সহায়ক উপকরণ নাই	২৭
প্রতিবন্ধি ব্যক্তিদের চলাচলে সমস্যা হয়	• পর্যাপ্ত পরিমাণ সহায়ক উপকরণ নাই • পরিবারের লোকজন অন্য কাজে ব্যস্ত থাকে	৮
প্রতিবন্ধিদের মানসিক কষ্ট বাড়ে	• বিশেষভাবে উদ্ধারের কোন ব্যবস্থা নেই • পারিবারিক অবহেলা	২৫
প্রতিবন্ধিদের প্রাণহানীর সম্ভাবনা থাকে	• সহাযক উপকরন না থাকা (হইল চেয়ার, স্ক্রাচ, লাঠি, হেয়ারিং, ইত্যাদি) • প্রতিবন্ধিরা পরনির্ভরশীল হয় • প্রতিবন্ধিদের সহায়ক উপকরণ ব্যবহারের প্রবেশগম্যতা নাই	২৮
প্রতিবন্ধি ব্যক্তিরা কর্মহীন হয়ে পড়ে	• প্রতিবন্ধী উপযোগী কর্মসংস্থান না থাকা • প্রতিবন্ধী উপযোগী কর্মসংস্থান নষ্ট হয়ে যায়	২৯
বয়স্ক ব্যক্তিরা সুবিধামত চলাফেরা করতে পারে না	• বয়স্কদের সহায়ক উপকরণ না থাকা (লাঠি, চশমা)	৩০

পায়খানা ব্যবহার করতে কষ্ট হয়	• বয়স্কদের ব্যবহার উপযোগী পায়খানা না থাকা • বাড়ী থেকে পায়খানার দুরত্ব বেশী	৩১
বয়স্কদের প্রাণহানীর সম্ভাবনা থাকে	• দ্রুত নিরাপদ স্থানে নেওয়ার ব্যবস্থা নেই • উদ্ধারকারী দল নাই • বয়স্কদেরকে অবহেলা করে • বাড়ীর মায়া ছাড়তে পারেনা	৩৪
আগাম সর্তক সংকেত পায়না	• আগাম সংবাদ প্রচারের জন্য প্রয়োজনীয় উপকরণ না থাকা • সমাজ ও গ্রামভিত্তিক বন্যা পূর্বাভাস সতর্কীকরণ ব্যবস্থা নাথাকা	৩৬
স্বাস্থ্য সেবা পায়না	• ডাক্তারের কাছে যাওয়া/আনা যায়না • স্বাস্থ্য ক্যাম্প হয় না	৩৭
নামাজ পড়তে পারে না	• মসজিদ নিচু স্থানে	৩৮
আগাম সংবাদের ব্যবস্থা নাই	• সরকারী বেসরকারীভাবে সর্তক সংকেত প্রচারের প্রয়োজনীয় উপকরণ এবং প্রক্রিয়া নেই	৩৯
সারাদিন ভেজা কাপড়ে থাকতে হয়	• পর্যাপ্ত পরিমাণ কাপড় না থাকা • পূর্ব প্রস্তুতি ও অতিরিক্ত কাপড় থাকে না	৪০
চিকিৎসার অভাব দেখা দেয়	• স্বাস্থ্য কেন্দ্র নিকটবর্তী না থাকা • যাতায়াত ব্যবস্থা না থাকা • ঔষধের অভাব • পর্যাপ্ত পরিমাণ ঔষধ সরবরাহ নাই	৫
শিক্ষার্থীরা দূর্বল হয়ে পড়ে	• স্কুল দীর্ঘদিন বন্ধ থাকে • বিকল্প শিক্ষার ব্যবস্থা নেই • পরিবারকর্তৃক অবহেলা	৯
শিশুরা আতংকে ভোগে	• স্রোতে ভেসে যাওয়ার ভয় থাকে • চারদিকে পানি দেখার অভিজ্ঞতা নাই • সাপ ও পোকামাকড়ের ভয় থাকে	১৭
শিশুরা অপুষ্টিতে ভোগে	• চাহিদা অনুযায়ী খাবার পায়না • পুষ্টিকর খাবারের অভাব	২০
গৃহস্থালীর আসবাবপত্র, চেয়ার, টেবিল ইত্যাদি ভেসে যায় ও অন্যান্য সম্পদ পানিতে ভেসে যায়	• আগাম সতর্ক সংবাদ না পাওয়া • উদ্ধারের কোন ব্যবস্থা নাই	৩৯
বয়স্কদের চলাফেরা, খাওয়া-দাওয়ায় বিঘ্ন ঘটে	• পরিবারের লোকজন অন্য কাজে ব্যস্ত থাকে • সময়মতো রান্না করতে পারেনা • গুরুত্ব কম দেয়	৪১
লাশ পানিতে ভাসিয়ে দিতে হয়	• কবরের স্থান নীচু	৪৩
হাঁস. মুরগী, গরু, ছাগল পানির দামে বিক্রি করতে হয়	• সংরক্ষণের ব্যবস্থা নাই • রোগ বৃদ্ধি পায় • ভেসে যেতে পারে • খাদ্যের অভাব	৪৪
শিশু শ্রম বেড়ে যায়	• স্কুল বন্ধ থাকে	৪৬

	• পারিবারিক খাদ্যের অভাব • বিকল্প লেখাপড়ার ব্যবস্থা নাই	
খোলা জায়গায় কলার ভেলায় করে পায়খানা করতে হয়	• তাৎক্ষণিকভাবে উঁচু স্থানে পায়খানা স্থাপন করার সামর্থ থাকে না • পায়খানা তলিয়ে যায়	৮৮
শিশুর ডায়রিয়াসহ অন্যান্য রোগ বৃদ্ধি পায়	• নিয়মিত স্বাস্থ্য পরিচর্যার অভাব • দূষিত পানি পান করার জন্য	৪৮
দূর্ঘটনাজনিত কারণে প্রাথমিক চিকিৎসা দেওয়া সম্ভব হয় না	• নিয়মিত স্বাস্থ্য ক্যাম্প হয় না • প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয় সরঞ্জামাদি নাই • যোগাযোগ ব্যবস্থা বিছিন্ন থাকে	৪৯
প্রতিবন্ধি চাহিদা অনুযায়ী সরকারী অনুদান পায়না	• চাহিদা অনুযায়ী পর্যাপ্ত তালিকা না থাকা • ত্রাণ ও অনুদানের তালিকা সীমিত	৫০
বয়স্করা তাদের উপযোগী ত্রাণ ও অনুদান পায়না	• ত্রাণ ও অনুদানের তালিকা সীমিত • বয়স্কদের কথা চিন্তা না করেই ত্রাণ ক্রয় করা/বিতরন	১৩
খোলা আকাশের নিচে বসবাস করতে হয়	• তাৎক্ষণিকভাবে ঘর উঠানোর সামর্থ থাকেনা • আশ্রয় কেন্দ্র না থাকা	১৪
মহিলা ও যুবতী মেয়েদের নিরাপত্তার অভাব দেখা দেয় এবং যৌন হয়রানি বেড়ে যায়	• একই স্থানে একাধিক পরিবার একত্রে বসবাস করে • অন্যের আশ্রয়ে থাকার কারণে • মহিলাদের বিশেষ কোন ব্যবস্থা নাই • আইনশৃংঙ্খলা জোরদার না থাকা	৪৫ ৩৯
বয়স্কদের ল্যাট্রিন ব্যবহারে কষ্ট হয়	• বাড়ী থেকে ল্যাট্রিন দূরে • ল্যাট্রিনে যাতায়াতের উপকরণের ব্যবস্থা না থাকা। • বয়স্কদের সহায়ক উপযোগী ল্যাট্রিন নাই	৪৮
নারীদের ঋতুকালীন কষ্ট বেড়ে যায়	• পর্যাপ্ত পরিমাণ স্যানিট্যারি ন্যাপকিন না থাকা • অপরিচ্ছন্ন থাকা	৪৯
জীবনের ঝুঁকি নিয়ে ঘরের চালায় বসবাস করা	• আশ্রয় কেন্দ্র নাই • আশ্রয় নেওয়ার সুযোগ নাই • তাৎক্ষণিক উদ্ধারের ব্যবস্থা নাই	১৯
প্রতিবন্ধি ও বরস্কদের চিকিৎসার অভাব	• পর্যাপ্ত পরিমাণ চিকিৎসার সামগ্রী নাই	১৭
বয়স্কদের থাকা ও ঘুমানোর কষ্ট হয়	• আলাদা করে রাখা • অবহেলা ও অপরিচ্ছন্ন ঘরে রাখা	১৮
বয়স্কদের খাবারের কষ্ট বেড়ে যায়	• বয়স্কদের উপযোগী খাবার সরবরাহ করা হয় না • বিশেষভাবে উদ্ধারের কোন ব্যবস্থা নেই	১৫
রান্না করা যায়না	• শুকনা খড়ি, আলোক চুলা ও ভেলার ব্যবস্থা না থাকা	১৪
ডশশু ও প্রতিবন্ধি পানিতে ডুবে মারা যায়	• বাবা-মা'র অসচেতনতা ও সবকিছু পানিতে ডুবে যাওয়া	১১

নলকূপ ও ল্যাট্রিন পানিতে ডুবে যায় ও ভেঙ্গে যায়	• নিচু জায়গায় নলকুপ ও ল্যাট্রিন স্থাপন ও দূর্বল অবকাঠামো	১৩
নিরাপদ পানি পান ও পায়খানা করতে পারেনা (নারী, পূরুষ ও বয়স্করা)	• নিচু স্থানে ল্যাট্রিন ও নলকূপ স্থাপন • নলকূপের গোড়া পাকা না থাকা	
শাকসব্জি ও ফসল নষ্ট হয়ে যায়	• জলাবদ্ধতা ও অধিক বৃষ্টিপাত • বন্যাসহনশীল জাতের বীজের ব্যবস্থা না থাকা	১৯
আশ্রয়হীন হয়ে পড়ে	• আশ্রয় কেন্দ্র না থাকা	১
প্রসবকালীন ধাত্রী পাওয়া যায় না	• এলাকায় প্রশিক্ষন প্রাপ্ত ধাত্রী না থাকা • স্থানীয় যোগেরযোগের বাহন না থাকা	১০
প্রয়োজনীয় সম্পদ স্থানান্তর করা যায় না	• আগাম সংবাদ না পাওয়ার স্থানীয় বাহন (নৌকাভ্যান) না থাকা	২৮
বেশির ভাগ সময়ে এক বেলা খেয়ে দিন কাটাতে হয়	• রান্নার কোন সুযোগ থাকে না এবং শুকনা খাবার মজুদ থাকে না	৫১
খাবারের জন্য প্রয়োজনীয় শাক-সব্জি পাওয়া যায় না	• সবজি বাগান নষ্ট হয় • স্থানীয়ভাবে সরবরাহ কম • বন্যা সহনশীল সব্জি উৎপাদনের ব্যবস্থা না থাকা	৫২
নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বেশি থাকে	• বাজারে সরবরাহ কম • স্থানীয় উৎপাদিত পন্য সংরক্ষণ/মজুদের ব্যবস্থা নাই	৫৩
আমন ধান ও বীজতলা নষ্ট হয়ে যায়	• বীজ তলা নিচু • অসময়ে বন্যা • বন্যা সহনশীল জাতের বীজ/আশ্রয় কেন্দ্র না থাকা	৫৪
চুরি ডাকাতি বেড়ে যায়	• প্রশাসনিক নজরদারী কম থাকে • নৌকা সহজেই বাড়ীর কাছাকাছি যায় • স্থানীয় পরিবারগুলোর মধ্যে একতার অভাব	৫৫
গবাদী পশুপাখি বন্যায় পানিতে ভেসে যায়	• উদ্ধার এবং সংরক্ষনের যথাযথ ব্যবস্থা না থাকা	৫৬
দূর্ঘটনাজনিত কারণে দীর্ঘ মেয়াদী ক্ষত বৃদ্ধি পায়	• প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি না থাকা • সচেতনতার অভাব	৯
গবাদী পশু-পাখি ও মানুষ একই ঘরে থাকতে হয়	• গোচারণ ভূমি /উঁচু স্থান থাকে না • একাধিক ঘরের ব্যবস্থা না থাকা	৮

সমস্যাসমূহ	সমস্যার কারণসমূহ	অগ্রাধিকার
ঘরবাড়ি উঠানোর কোন জায়গা থাকেনা	• সমস্ত জায়গা জমি নদী গর্ভে বিলীন হয়ে যায় • খাস জমি সহজে পাওয়া যায় না	**১৬**
সকল সম্পদ ও মালামাল বিনষ্ট হয়ে যায়	• স্থান পরিবর্তন করার সময় কম থাকে • নিরাপদ আশ্রয়ের সহযোগীতা পায়না	২
গাছপালা ক্ষতি হয়	• ছোট ও অল্প বয়সের গাছপালা কেটে ফেলতে হয় • কম দামে গাছ বিক্রয় করতে হয়	**২২**
সামাজিক মর্যাদা কমে যায়	• অন্যের আশ্রয়ে থাকা	**২৪**

	• পরনির্ভরশীলতা	
প্রতিবন্ধিদের দূর্ঘটনা বেশি দেখা দেয়	• প্রয়োজনীয় সহায়ক উপকরণ পায়না	৩২
পর্যাপ্ত স্বাস্থ্যসেবা পাওয়া যায়না	• স্বাস্থ্য কর্মীগণ নিয়মিত যোগাযোগ করতে পারে না • সরকারী ঔষধ পর্যাপ্ত না থাকা	৩৫
দারিদ্রতা বেড়ে যায়	• কাজের সুযোগ থাকে না	৪২
স্থানান্তরিত হওয়ার প্রবণতা বেড়ে যায়	• বাড়িগুলো বিচ্ছিন্ন হওয়া	৪৭
খোলা আকাশের নিচে বসবাস করতে হয়	• তাৎক্ষণিকভাবে ঘরবাড়ি তোলার সামর্থ্য থাকেনা	৫৭
ভিক্ষা বৃত্তি বেড়ে যায় (প্রতিবন্ধি ও বয়স্ক)	• সহায়-সম্পদ ও মূলধন নদীতে খোয়া যায়	৫৮
আবাদী জমি নষ্ট হয়ে যায়	• জমিতে বালি পড়ে • খাল হয়ে যায়	৫৯
খোলা জায়গায় পায়খানা করতে হয়	• তাৎক্ষনিকভাবে ল্যাট্রিন স্থাপনের সামর্থ থাকেনা	৭১
নিরাপদ পানির অভাব	• অর্থের অভাবে নলকুপ স্থাপন করা সম্ভব হয়না	৭২
নির্যাতন ও যৌন হয়রানি বেড়ে যায়	• একত্রে গাদা গাদী করে বসবাস করা	৭৩
শিশুদের পড়ালেখা বন্ধ হয়ে যায়	• বিকল্প শিক্ষা চালু করার কোন সুযোগ নেই	৭৪
বিবাহ বিচ্ছেদ ঘটে	• পর্যাপ্ত আয় থাকেনা	৭৫
খোলা জায়গায় আশ্রয় নিতে হয়	• আশ্রয় কেন্দ্র নাই	৭৬
অনেকে একসাথে বসবাস করতে বাধ্য হয়	• পর্যাপ্ত ঘর না থাকা	৭৭
খোলা আকাশের নীচে বসবাস করতে হয়	• তাৎক্ষনিক ভাবে ঘর তোলার সময় থাকে না	৭৮
মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে	• এলাকায় আশ্রয় কেন্দ্র না থাকা • নিজস্ব/খাস জমির জন্য সরকারী বন্দোবস্ত না থাকা	৭৯
লেখা-পড়া বন্ধ/ব্যাহত হয়	• তাৎক্ষনিকভাবে স্কুল ঘর অন্য জায়গায় পূর্ণ নির্মাণের ব্যবস্থা না করা • বিকল্প লেখাপড়া ব্যবস্থা না থাকা	৮৮
খোলা জায়গায় প্রস্রাব/পায়খানা করতে হয়	• তাৎক্ষণিকভাবে পায়খানা ও প্রস্রাবখানা তৈরির ব্যবস্থা ও সামর্থ না থাকা	৮৯
চিকিৎসা ও স্বাস্থ্য সেবা পায়না	• এলাকায় স্বাস্থ্য ক্যাম্প ও চিকিৎসার ব্যবস্থা না থাকা	৮১
বিশুদ্ধ পানি পায় না	• নলকুপ পানিতে ডুবে যায় এবং নদী গর্ভে চলে যায় • তাৎক্ষনিক ভাবে নলকূপ স্থাপনের ব্যবস্থা না থাকা	৮২
বয়স্করা চলাফেরা করতে পারে না, অবহেলিত হয়ে পড়ে	• অভিভাবকের অসচেতনতা • সহায়ক উপকরণ না থাকা	৮৩
বাল্য বিবাহ ও বহু বিবাহ বেড়ে যায়	• অভাব ও অসচেতনতা ফলে বাল্য বিবাহ ও বহু বিবাহ বেড়ে যায়	৮০
নিরাপত্তাহীনতায় ভোগে; বিশেষ করে নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধি	• পারিবারিকভাবে অবহেলার কারণে • নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধিদের মতামতের গুরত্ব না দেওয়া	৮৪
অতি দরিদ্র হয়ে যায়	• বিকল্প কাজের ব্যবস্থা না থাকা	৮৫

	• মূলধন থাকে না	
ভূমিহীন হয়ে যায়	• অল্প জমি/নদীতে ভেঙ্গে যায় • খাস জমিতে বন্দোবস্ত না থাকা	৮৭
খাদ্যের অভাব ও মঙ্গা দেখা দেয়	• মঙ্গা মোকাবেলায় বিকল্প কাজের ব্যবস্থা না থাকা • আগাম মঙ্গাকালীন ফসলের ব্যবস্থা না থাকা	৮৬

সমস্যাসমূহ	সমস্যার কারণসমূহ	অগ্রাধিকার
বীজ তলা পুড়ে যায় ও চারা নষ্ট হয়ে যায়	• পানি সেচের পর্যাপ্ত সুযোগ না থাকা	৭০
ফসলের বিভিন্ন রোগ বালাই বেড়ে যায় ও ফসল পুড়ে যায়	• রোগ সহনশীল জাতের বীজের ব্যবস্থা না থাকা • স্বল্প মূল্যে ও সুদমুক্ত ঋনের মাধ্যমে শ্যালো মেশিনের ব্যবস্থা না থাকা	৬৯
সময়মত ফসল বপন ও রোপন করা যায় না	• সেচের ব্যবস্থা নাই	৬৪
শিশু ডায়রিয়াসহ মানুষের অন্যান্য রোগ বালাই বেড়ে যায়	• এলাকায় সঠিক সময়ে স্বাস্থ্য কর্মীর পরামর্শ অব্যাহত না থাকা	৬৫
জমির উর্বরতা নষ্ট হয়	• উপকারী পোকামাকড় মারা যায় ও সংরক্ষণের ব্যবস্থা না থাকা	৬৭
ছেলেমেয়েদের পড়ালেখা নষ্ট হয়	• স্কুল মাঠ ও রাস্তার পার্শ্বে গাছ পালা না থাকা	৬৮

সমস্যাসমূহ	সমস্যার কারণসমূহ	অগ্রাধিকার
বাড়ী ঘর ও অবকাঠামো ভেঙ্গে যায়	• দূর্বল অবকাঠামো • ঘরের সাথে নিরাপত্তা মূলক টানার ব্যবস্থা না থাকা	৬১
বয়স্ক, শিশু, প্রতিবন্ধীর নিরাপত্তার অভাব	• ঝড়ের সময় করণীয় পারিবারিক ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ না থাকা	৬০
প্রানহাণী ঘটে	• আগাম সর্তক বার্তা না থাকা	৬৬

সমস্যাসমূহ	সমস্যার কারণসমূহ	অগ্রাধিকার
বয়স্ক, শিশু, নারী ও প্রতিবন্ধী মারা যায়	• পর্যাপ্ত শীত বস্ত্র না থাকা • ঘরের বেড়া দূর্বল থাকা • জরুরী চিকিৎসা ক্যাম্পের ব্যবস্থা না থাকা	৬২
গবাদী পশু পাখি মারা যায়	• গরম বস্ত্র না থাকা • জরুরীভিত্তিক রোগ প্রতিষেধক টিকা ও স্বাস্থ্য ক্যাম্পের ব্যবস্থা না থাকা	৬৩

১০ ঝুঁকির বর্ণনা

সমস্যা সৃষ্টির প্রধান		

কারণসমূহ (বিপদাপন্নতা)	কারণসমূহ মোকাবেলা করা না হলে কী কী ঝুঁকি দেখা দিতে পারে	অগ্রাধিকার
বসত বাড়ি নীচু	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১৩৬৫টি পরিবারের বসতভিটায় পানি ওঠে সম্পদ নষ্ট হয়ে আনুমানিক ২২ লক্ষ টাকা ক্ষতি হতে পারে (বাজে ফুলছড়ি গ্রামে আফসারের বাড়ী হতে উত্তরে কালুর পাড়া জামে মসজিদ পর্যন্ড় (১১০০x১০x২) বৃহত্তর ১ নং ওয়ার্ডের কালুর পাড়ার ১১০টি বসতভিটা উঁচু করা) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ১ নং ওয়ার্ডের বাজেফুলছড়ি গ্রামে ১০০ টি বসতভিটা উঁচু করা) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ১ নং ওয়ার্ডের পেপুলিয়া গ্রামে ১৫০টি বসত ভিটা উঁচুকরণের ব্যবস্থা করা। ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২ নং ওয়ার্ডের পশ্চিম গাবগাছি গ্রামে ২৩০টি বসতভিটা উঁচু করা) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২ নং ওয়ার্ডের দক্ষিণ খোলাবাড়ি গ্রামে ২৫০টি বসতভিটা উঁচু করা) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ৩ নং ওয়ার্ডের বাঘ বাড়ি গ্রামে ১২৫টি বসতভিটা উঁচু করা) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ৩ নং ওয়ার্ডের জামিরা গ্রামে ২০০টি ভিটা উঁচু করা। ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ৩ নং ওয়ার্ডের ঘরভাঙ্গা গ্রামে ১০০টি ভিটা উঁচু করা	১
দুর্বল অবকাঠামো	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১০৮০ টি পরিবারের বসতভিটায় পানি ওঠে দুর্বল অবকাঠামো ভেংগে গিয়ে আনমানিক ১০ লক্ষ টাকা সম্পদ ক্ষতি হতে পারে	২
নিরাপদ পানির অভাব	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে চর এলাকার ৫৭২টি নলকুপ ডুবে গিয়ে প্রায় ১৩০০টি পরিবার পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে	৩
খোলা জায়গায় পায়খানা করা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নেরর ১২৫০টি পরিবারের পায়খানা ডুবে গিয়ে এবং ভেংগে গিয়ে উক্ত পরিবার গুলোর মধ্যে কলেরা আমাশয়, ডায়রিয়া রোগে আক্রান্ত হয়ে ২০-২৫ জন লোক মারা যেতে পারে	৪
রাস্তাঘাট ডুবে এবং যায় ভেঙ্গে যায়	১ নং ওয়ার্ডের কালুর পাড়া গ্রামের সোবাহানের বাড়ী থেকে কালুর পাড়া রেজিঃপ্রাঃ বিদ্যালয় পর্যন্ত (১০০০×৮×৩) রাস্তা উঁচু করা। ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ১ নং ওয়ার্ডের কালূর পাড়া গ্রামে ইউসুফ মন্ডলের বাড়ী থেকে উত্তর পূর্ব দিকে বারেকের বাড়ী হয়ে কশেমের বাড়ী পর্যন্ত (১০০ô× ৫́) ফুট রাস্ড়া তৈরী করা । বাজে ফুলছড়ি গ্রামের গুচ্ছ গ্রামের বিরিজ থেকে আবুল ফকিরের বাড়ী পর্যন্ড়। (১০ó×১ó×৩́) ফুট রাস্ড়া।) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তের ১নং ওয়ার্ডের বাজে ফুলছড়ি গ্রামের ফয়জালের বাড়ী থেকে বেলালের বাড়ী পর্যন্ড় (৭০ó×৫́×৪́) ফুট রাস্ড়া উচ্চু করা। বাজে ফুলছড়ি গ্রামে আফছারের বাড়ী হতে উত্তরে কালুর পাড়া জামে মসজিদ পযর্ন্ড়। (১১০ó× ১০ ́×২́×) রাস্ড়া মেরামত করা।২নং বৃহত্তর ওয়ার্ডের দক্ষিণ খোলবাড়ী গ্রামের বেললের বাড়ী থেকে শমসুলের বাড়ী পর্যন্ড়। (১২০০ × ৮× ৪) রাস্ড়া তৈরী করা) বৃহত্তর ৩নং ওয়ার্ডের পূর্ব গাবগাছি গ্রামের পূর্ব রেজিঃ প্রাথমিক বিদ্যালয় থেকে কিনো মন্ডলের বাড়ী পর্যন্ড় (১০০ó× ৮́×৩) ফুট রাস্ড়া তৈরী করা ।) বৃহত্তর ১নং ওয়ার্ডের পেপুলিয়া গ্রামের হাসেমের বড়ী হইতে খেয়া ঘাট পর্যন্ড়। (২৫́×১২́×৩́) ফুট পর্যন্ড় রস্ড়া উচু করাসহ দুটি কালভাটের ব্যবস্থা করা। বৃহত্তের ১নং ওয়ার্ডের পেপুলিয়া গ্রামের আদর্শ গ্রাম হতে। দক্ষিণ পেপুলিয়া রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ড়। (১৫́×৬́×১́) রাস্ড়া উচু করা পপুলিয়া গ্রামের দুলুর বাড়ী থেকে জমে মসজিদ পর্যন্ড় (১২০ó×৮́×৩́) ফুট রাস্ড়া উচু করা। ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২নং ওয়ার্ডেও পারুল গ্রামের বদিয়ার বাড়ী থেকে হামিদের বাড়ী পর্যন্ত (১০ó×৮́×৩) ফুট রাস্ড়া উচু করা ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২নং ওয়ার্ডের পারর্ন্ল গ্রামে সোয়াদ প্রামানিকের বাড়ী থেকে মজিদের বাড়ী পর্যন্ড়	৫

	(৮০০×৭×৩) ফুট রাস্ড় উচু করা।) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২নং ওয়ার্ডের পশ্চিম গাবগাছি গ্রামের ছমিরের বাড়ী থেকে মালেকের বাড়ী পর্যন্ড় (১২০০×৬×৫) ফুট রাস্তা উচু করা। ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ২নং ওয়ার্ডের পশ্চিম গাবগছি গ্রামের রফিকের বাড়ী থেকে সর্দারের চর সরকারী প্রা: বিদ্যালয় পর্যন্ড় (৮০০×৬×৫) ফুট রাস্থা উচু ফুলছড়ি গ্রামের কদমের বাড়ী থেকে আয়নুদ্দিনের বাড়ী পর্যন্ড় (৫০০×১২×২) ফুট রাস্ড়া উচু করা। প) ৩নং বৃহত্তর ওয়ার্ডের বাঘবাড়ি গ্রামের আনন্দ বাজার থেকে ময়নালের বাড়ী পর্যন্ড় (৫০০×১২×৮) তৈরী করতে হবে।) বাঘবাড়ী গ্রামের আশেদ এর বাড়ী থেকে আশকারের বাড়ী পর্যন্ড় (১০০×৪×৬) ফুলছড়ি ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের জামিরা গ্রামে ময়দান আলীর বাড়ী থেকে সুরজ মিয়র বাড়ী পর্যন্ড় (৬০০×১২×১০) ফুট রাস্ড়া উচু করা। জামিরা গ্রামের তসলিমের বাড়ী থেকে পশ্চিমে নইম উদ্দিনের বাড়ী পর্যন্ড় (১০০০×৮×৩) পর্যন্ড় রাস্ড়া উচু করা ঘরভাঙ্গা গ্রামের সোলাইমান মোল-ার বাড়ী থেকে শাজাহান মাষ্টারের বড়ী পর্যন্ড় (৭০০×৮×৯) উচু করন। টংরাকন্দি সবুর চেয়ারম্যনের বাড়ী থেকে ঈদ গা মাঠ পর্যন্ড় (১৫×১২×৩) রাস্তাগুলো মেরামত ও সংস্কার না করলে ১০০০০ মানুষ বন্যার সময় যাতায়াত করতে পারবেনা এবং ৭৫০ ছাত্রছাত্রী স্কুলে যেতে পারবেনা এমনি ২ মাস তাদেও লেখাপড়া বন্ধ হয়ে যাবে	
স্কুলের মাঠ ডুবে যায় ও আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার হয়	২০০৭ মালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের পারুল সরকারী প্রাথামিক বিদ্যালয়, কালুর পাড়া রেজি: বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, সরদারের চর সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কালুর পাড়া হাফেজিয়া মাদ্রাসায় পানি উঠে ১৩০০ ছাত্র-ছাত্রীর লেখাপাড়া বন্ধ হয়ে যেতে পারে এবং ৩০০ ছাত্র-ছাত্রী ঝরে পড়তে পারে	৬
সময়মত ধাত্রী পাওয়া যায়না ও দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে নেওয়ার ব্যবস্থা নাই	২০০৭ সালের মত ফুলছড়ি ইউনিয়নের১৪০০ টি পরিবারের মধ্যে ১৭৫ জন গর্ভবতী মহিলা সময়মত চিকিৎসার অভাবে ও প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রীর অভাবে প্রসবকালীন জটিলতা বেড়ে যেতে পারে এবং ১০-১৫জন গর্ভবতী মারা যেতে পারে	৭
অসময়ে বন্যায় বীজ তলা নষ্ট হয়ে যায়	২০০৭ সালের মত বন্যা হলে ১৯৯৭টি পরিবার ১২৩৫ একর জমির বীজ ডুবে গিয়ে আনুমানিক ৩ লক্ষ টাকার বীজতলা ক্ষতি হতে পারে	৮
ফসলী জমি নীচু	২০০৭সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৩০০০টি পরিবারের ৫৬০ একর জমির ফসল নষ্ট হয়ে পরিবারগুলোর আনুমানিক ৫ লক্ষ টাকার ফসল ক্ষতি হতে পারে	৯
আলগা চুলা ও খড়ের লাকড়ী না থাকা	২০০৭ সালের মত বন্যা হলে ২১০০টি পরিবার আলগা চুলা ও খাড়ের লাকড়ী না থাকায় একবেলা খেয়ে থাকতে হবে এবং নানা রকম রোগে আক্রান্ত হতে পারে	১০
প্রতিবন্ধীদের সহায়ক উপকরণ নাই	২০০৭ সালের মত বন্যা হলে ১৮৩টি পরিবারের প্রতিবন্ধি সহায়ক উপকরণ না থাকায় বন্যার সময় পড়ে গিয়ে ১০-১২জন প্রতিবন্ধি মারা যেতে পারে	১১
ব্যবহারিক কাপড় না থাকা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের চরএলাকার ৮৫০টি পরিবারের ৪১৫ জন লোকের সারাদিন ভেজা কাপড়ে থাকার জন্য বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে	১২
বাড়ির কাছে নৌকা চাপানো সহজ হয়	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২০০টি পরিবারের মধ্যে চুরি ডাকাতি ও মালামাল খোয়া গিয়ে আনুমানিক ২ লক্ষ টাকার সম্পদ ক্ষতি হতে পারে	১৩
বন্যা সহনশীল বীজ পাওয়া যায় না এবং	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৫২৫ একর জমির শাকসব্জি নষ্ট হয়ে ১২২০ পরিবারগুলোর মধ্যে পুষ্টির অভাব দেখা দিতে পারে	১৪

শাকসব্জি নষ্ট হয়ে যেতে পারে		
আগাম সংবাদ না পাওয়া ও দ্রুত উদ্ধারের ব্যবস্থা না থাকা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২৫০৮টি পরিবার বন্যার আগাম সংবাদ না পেয়ে গরু ছাগল হাঁস মুরগি ও অন্যান্য সম্পদ ভেসে গিয়ে আনুমানিক ১৫ লক্ষ টাকার সম্পদ ক্ষতি হতে পারে	১৫
বয়স্কদের উপযোগী খাবার থাকে না	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২৫০টি পরিবারের ৪৪৪ জন বয়স্ক লোক তাদের উপযোগী খাবার না খেয়ে দূর্বল হয়ে যেতে পারে এবং ১০ জন বয়স্ক লোক মারা যেতে পারে	১৬
পর্যাপ্ত পরিমান খাদ্য সরবরাহ থাকে না ও দ্রব্যমূল্যের দাম বেড়ে যায়	২০০৭সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২১০টি পরিবার খাবারের অভাবে এক বেলা না খেয়ে থাকতে হতে পারে	১৭
স্বাস্থ্য কেন্দ্র নিকটবর্তী না থাকা ও যাতায়াত ব্যবস্থা না থাকা	২০০৭সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২১২১টি পরিবারের স্বাস্থ্য কেন্দ্র নিকটবর্তী না থাকায় ও যাতায়াত বিছিন্ন হওয়ায় চিকিৎসার অভাব দেখা দিতে পারে এবং ৭ জন নারী ও শিশু মারা যেতে পারে	১৮
স্রোতে ভেসে যাওয়ার ভয় থাকে	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের চর এলাকার ১১১২টি পরিবারের ১২৫ শিশুর বন্যার পানিতে পড়ে ভেসে যেতে পারে ও মারা যেতে পারে	১৮
আগাম সতর্ক সংবাদ না পাওয়া	ক. ২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২৫২টি পরিবার বন্যার আগাম সংবাদ না পেলে গৃহস্থালীয় জিনিসপত্র ও প্রাণিসম্পদসহ ভেসে গিয়ে ১২-১৫ লক্ষ টাকার মালামাল ক্ষতি হতে পারে; খ) ১৯৮৭ ও ২০০৭ সালের মত বন্যা হলে এবং আগাম সংবাদ পৌঁছানোর কোন মাধ্যম না থাকলে ফুলছড়ি ইউনিয়নের ২১২০টি পরিবারের আনুমানিক ৫ লক্ষ টাকার মালামাল ক্ষতি হতে পারে এবং বৃদ্ধ, প্রতিবন্ধি ও শিশুসহ প্রায় ২০জন ব্যক্তি মারা যেতে পারে	২০
পুষ্টিকর খাবারের অভাব এবং খাদ্যের গুনগতমান অনুযায়ী খাবার না পাওয়া	২০০৯ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২১৭৪টি পরিবারের ৫৬১ জন শিশু পুষ্টিকর খাবারের অভাবে শারীরিকভাবে দূর্বল হয়ে পড়ে এবং অপুষ্টিতে ভুগতে পারে	২১
মসজিদ নিচু স্থানে	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১১২১টি পরিবারের ৯৫০ জন লোকের ধর্মীয় কাজের ব্যাঘাত ঘটতে পারে	২২
চাহিদা অনুযায়ী দরিদ্র মানুষের সহযোগিতা না করার জন্য পর্যাপ্ত ত্রাণ সামগ্রী বরাদ্দ না থাকা	১৯৯৮ ও ২০০৭ সালের মত বন্যা হলে এবং চাহিদা অনুযায়ী ত্রাণ বরাদ্দ না থাকলে ফুলছড়ি ইউনিয়নের ৯৫০টি পরিবার দুইবেলা অনাহারে থাকতে হতে পারে	২৩
প্রয়োজন অনুযায়ী ত্রাণ ও অনুদানের বরাদ্দ সীমিত	২০০৭ সালের মত বন্যা হলে বয়স্কদের ত্রাণ ও অনুদানের তালিক কম থাকলে ফুলছড়ি ইউনিয়নের ৪৪৪ জন বয়স্ক লোক খাদ্যের অভাবে দূর্বল হয়ে যেতে পারে, এমনকি কেউ কেউ মারাও যেতে পারে।	২৪
প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয় সরঞ্জামাদি নাই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১৭৫০টি পরিবারের মধ্যে ১১৫০ জন লোকের প্রাথমিক চিকিৎসার অভাবে মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে এমনকি ১০-১২ জন লোক মারাও যেতে পারে	২৫
প্রতিবন্ধিদের সহায়ক উপকরণ নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১৮৩ জন প্রতিবন্ধির সহায়ক উপকরণ না থাকার ফলে শারীরিকভাবে ক্ষতি হতে পারে এবং দীর্ঘমেয়াদী সমস্যা দেখা দিতে পাওে এবং ১২-১৫ জন মারাও যেতে পারে	২৬
কবর স্থান নীচু	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১১টি কবর স্থান উঁচু না	২৭

	করলে ১১১০টি পরিবারের কোন লোক মারা গেলে তার লাশ ভেসে দিতে হতে পারে, ফলে পরিবেশগত বিপর্যয় দেখা দিতে পারে	
বিকল্প লেখাপড়ার ব্যবস্থা নাই	১৯৮৭ ও ২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৪টি গ্রামে বিকল্প ব্যবস্থায় লেখা-পড়ার সুযোগ তৈরি করতে না পারলে ২৫০ জন শিশুর লেখা পড়া বন্ধ হয়ে যেতে পারে	২৮
নিরাপত্তার অভাব (নারী)	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের আশ্রয়কেন্দ্রসমূহে বসবাস করার জন্য নারী ও পুরুষদের আলাদা ল্যাট্রিন ও গোসল খানার কোন ব্যবস্থা না থাকার ফলে মহিলা ও তরুনী মেয়েদের উপর নির্যাতন বেড়ে যেতে পারে।	২৯
বয়স্কদের দ্রুত নিরাপদ স্থানে নেওয়ার ব্যবস্থা নাই	২০০৭ সালের মত বন্যা হলে ১৫২০টি পরিবারের ৪৪৪ জন বয়স্ক ব্যক্তি উপকরণের অভাবে যে কোন সময় পড়ে গিয়ে মারাও যেতে পারে	৩০
দ্রুত নিরাপদ স্থানে নেয়ার ব্যবস্থা নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে ১৮৩ জন প্রতিবন্ধি দ্রুত নিরাপদ স্থানে নেওয়ার অভাবে শারীরিক ক্ষতি হতে পারে ও মারা যেতে পারে	৩১
পর্যাপ্ত প্রতিবন্ধি সহায়ক উপকরণ না থাকা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে ১৮৩ জন প্রতিবন্ধি সহায়ক উপকরণ না থাকার কারণে সাময়িক ক্ষতি হতে পারে এবং ১০-১২ জন মারাও যেতে পারে	৩২
হাঁস-মুরগী সংরক্ষণের ব্যবস্থা নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে ২৬৫০টি পরিবারের ২৭৫০টি হাঁস-মুরগি, ৭৫৫১টি গরু- ছাগল সংরক্ষণের অভাবে, রোগ-বালাই এবং ভেসে গিয়ে ৭ লক্ষ টাকা ক্ষতি হতে পারে	৩৩
অসময়ে বন্যা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে অসময়ে বন্যা হলে বন্যা সহনশীল চারার অভাবে ২৯০৫টি পরিবারের ৪৫০ একর জমির ফসল নষ্ট হয়ে প্রায় ৫ লক্ষ টাকা ক্ষতি হতে পারে	৩৪
বন্যা সহনশীল চারা না থাকা	২০০৯ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে ৩টি স্কুলের ২০৫ জন ছাত্র-ছাত্রীর লেখা পড়া বন্ধ হয়ে যেতে পারে	৩৫
দীর্ঘদিন স্কুল বন্ধ থাকা	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে চর এলাকায় ৪টি স্কুলের ৭৩০ জন শিক্ষার্থী ঝরে পরতে পারে এবং তাদের লেখাপড়া বন্ধ হয়ে যেতে পারে	৩৬
বিকল্প শিক্ষার ব্যবস্থা নাই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২০১৮টি পরিবারের মধ্যে ৪৫৪টি পরিবারের ঘরবাড়ি উঠানোর সামর্থ্য না থাকায় খোলা আকাশের নীচে বসবাস করতে হবে	৩৭
তাৎক্ষনিকভাবে ঘর উঠানোর সামর্থ্য থাকে না	২০০৭ সালের মত বন্যা হলে আশ্রয়কেন্দ্রের অভাবে ফুলছড়ি ইউনিয়নের ১২টি গ্রামের প্রায় ৭৫০ লোক সাময়িক আশ্রয়হীন হয়ে পড়তে পারে এবং আশ্রয় কেন্দ্রে নারীদের আলাদা বিশেষ নিরাপত্তা ব্যবস্থা না রাখলে ১০-১৫ জন তরুনী ও মহিলা নিরাপত্তা না পেয়ে যৌন হয়রানীর শিকার হতে পারে	৩৮
আশ্রয় কেন্দ্র না থাকায়	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৪৪৪ জন বয়স্ক ব্যক্তির জন্য তাদের ব্যবহার উপযোগি ল্যাট্রিন ও সহায়ক উপকরণ এর ব্যবস্থা না করলে বন্যার সময় চলাচলে কষ্ট হতে পারে এবং ১২-১৫ জন মারাও যেতে পারে	৩৯
মহিলাদের বিশেষ কোন ব্যবস্থা নাই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৪৪৪ জন বয়স্ক ব্যক্তির জন্য দেখাশোনা করার জন্য কেয়ারটেকারদের প্রশিক্ষনের ব্যবস্থা না করলে বন্যার সময় তাদের চলাচলে কষ্ট হতে পারে এবং ৫-৭ জন মারাও যেতে পারে	৪০
পর্যাপ্ত পরিমাণ ল্যাট্রিন না থাকা	২০০৯ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৬টি গ্রামের ৫ বার হাজার মানুষের ডায়রিয়াসহ নানা পানিবাহিত রোগ দেখা দিতে পারে এবং অসুস্থ্য হয়ে ৭-১০ জন লোক মারাও যেতে পারে	৪১
কাজের কোন সুযোগ থাকে না	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৭টি গ্রামে ১৭৫০টি পরিবারের ১১০০জন লোক বেকার হয়ে যেতে পারে এবং সংসারে অভাব দেখা দিতে পারে এবং চুরি ডাকতি ও অপরাধমুলক কার্যক্রম বেড়ে যেতে পারে	৪২

পর্যাপ্ত পরিমাণ চিকিৎসার সামগ্রী নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ৪৪৪ জন বয়স্ক ও প্রতিবন্ধির চিকিৎসার অভাব দেখা দিতে পারে এবং ৭-১০ জনের মৃত্যু হতে পারে	**৪৩**
আশ্রয় কেন্দ্র নেই/ আশ্রয় নেওয়ার সুযোগ নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে ১৭৫০ জন লোক আশ্রয়ের অভাবে এবং তাৎক্ষণিক উদ্ধারের ব্যবস্থা না থাকার কারণে দূর্ঘটনা ঘটতে পারে এবং ৫-৭জন লোক মারাও যেতে পারে	**৪৪**
তাৎক্ষণিক উদ্ধারের ব্যবস্থা নেই	২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১৮৩ জন প্রতিবন্ধি পরিবার কর্তক অবহেলা ও উদ্ধারের কোন ব্যবস্থা না থকায় সাময়িক ক্ষতি হতে পারে এবং ৭-১০ জনের মৃত্যু হতে পারে	**৪৫**
পরিবার কর্তৃক অবহেলিত বিশেষভাবে উদ্ধারের কোন ব্যবস্থা নেই	২০১০ সালের মত নদী ভাঙ্গন হলে কালাসোনা ও কাবিলপুর চরের ৪৫০টি পরিবার আশ্রয়হীন হয়ে যেতে পারে	**৪৬**

১১ ঝুঁকি মোকাবেলার জন্য চিহ্নিত উপায়সমূহের প্রস্তুত ও অগ্রাধিকারকরণ

ঝুকির বিবরণ	নিরূপণের উপায়
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২৬৫টি পরিবারের বসতভিটায় পানি ওঠে সম্পদ নষ্ট হয়ে আনুমানিক ৩০ লক্ষ টাকা ক্ষতি হতে পারে	ফুলছড়ি ইউনিয়নের উল্লেখিত চর/গ্রামসমুহের কমপক্ষে ১৩৬৫টি বসতভিটা উঁচুকরণ করতে হবে (কালুর পাড়া ১১০, বাজেফুলছড়ি ১০০টি, পেপুরিয়া ১৫০টি, পঃ গাবগাছি ২৩০টি, দঃ খোলাবাড়ী ২৫০টি, বাগবাড়ী ২২৫টি, জামিরা ২০০টি, ঘরভাংগা ১০০টি
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২৭৬টি পরিবারের বসতভিটায় পানি ওঠে দূর্বল অবকাঠামো ভেঙ্গে গিয়ে আনুমানিক ৭ লক্ষ টাকা সম্পদ ক্ষতি হতে পারে	বাড়ি ঘর মেরামত করার জন্য কমপক্ষে ১২৭৬টি দরিদ্র পরিবারকে সহযোগিতা করতে হবে
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে চর এলাকার ৮০০টি নলকুপ ডুবে গিয়ে প্রায় ২৪০০টি পরিবার পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে	**নলকুপের গোড়া উঁচুকরণ করাঃ** ৩৭৫ কালুর পাড়া ২৫টি, বাজেফুলছড়ি ২৫টি, পেপুরিয়া ৫০টি, পঃ গাবগাছি ৫০টি, দঃ খোলাবাড়ী ৯০টি, বাগবাড়ী ৫০টি, জামিরা ৫৫টি, ঘরভাংগা ৩০টি
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নে চর এলাকার ১২৫০টি পরিবার বন্যার সময় বিশুদ্ধ পানির অভাবে নদীর পানি পান করে বিভিন্ন পানিবাহিত রোগে আক্রান্ত হতে পারে এবং তাদের আনুমানিক ২ লক্ষ টাকা চিকিৎসা সেবা বাবদ ক্ষতি হতে পারে এবং ৫-৭ জন লোক মারা যেতে পারে	**নলকুপ স্থাপন করা (গোড়া পাকাসহ)ঃ** ১৫০টি কালুর পাড়া ২০টি, বাজেফুলছড়ি ২০টি, পেপুরিয়া ২০টি, পঃ গাবগাছি ২৫টি, বাগবাড়ী ২৫টি, জামিরা ২৫টি, ঘরভাংগা ১৫টি
২০০৭ সালে মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নেরর ১২৫০ টি পরিবারের পায়খানা ডুবে গিয়ে এবং ভেংগে গিয়ে উক্ত পরিবার গুলোর মধ্যে কলেরা আমেশায় ডায়রিয়া রোগে আক্রান্ড় হয়ে ২০-২৫ জন লোক মারা যেতে পারে	**পায়খানা স্থাপন করাঃ ৪৩০টি পরিবারের জন্য** কালুর পাড়া ২৫টি, বাজেফুলছড়ি ২০টি, পেপুলিয়া ৬০টি, পঃ গাবগাছি ৭০টি, পুঃ গাবগাছি ২০, পারুল ২০, দঃ খোলাবাড়ী ৬০টি, টেংরাকান্দি ২০, বাগবাড়ী ৫০টি, জামিরা ৫৫টি, ঘরভাংগা ৩০টি পায়খানা স্থাপন করতে হবে
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২ স্কুলের মাঠে পানি ওঠে কটিয়ারভিটা বেঃ রেজিঃ প্রাঃ বিদ্যঃ ও চর কালাসোনা সরঃ প্রাঃ বিঃ ২৭৫জন ছাত্র/ ছাত্রীর লেখা পড়া বন্ধ হয়ে যেতে	**৪টি স্কুলের মাটি উঁচুকরণ** (কমপক্ষে ৫ ফিট)ঃ পারুল সঃ প্রাঃ বিঃ ও কালুরপাড়া ও সঃ রেজিঃ বিঃ মাঠ উঁচুকরণ করা দরকার

পারে এবং স্কুলের আসবাবপত্র ক্ষতি হয়ে ২লক্ষ টাকার সম্পদ ক্ষতি হতে পারে	
২০০৭ সালের মত ফুলছড়ি ইউনিয়নের ১৪০০টি পরিবারের মধ্যে ১৭৫ জন গর্ভবতী মহিলা সময়মত চিকিৎসার অভাবে ও প্রশিক্ষণ প্রাপ্ত ধাত্রীর অভাবে প্রসবকালীন জটিলতা বেড়ে যেতে পারে	১৫ জন নারীকে ধাত্রী বিষয়ক প্রশিক্ষণ দেওয়া দরকার
২০০৭ সালের মত বন্যা হলে ১৯৯৭টি পরিবার ৭০০ একর জমির বীজতলা ডুবে গিয়ে আনুমানিক ৫ লক্ষ টাকার বীজ ক্ষতি হতে পারে	১৫০০টি পরিবারের মাঝে বন্যা সহনশীল সবজির বীজ সংগ্রহ ও বিতরন
২০০৭সালের মত বন্যা হরে ফুলছড়ি ইউনিয়নের ৩০০০টি পরিবারের ৫৬০ একর জমির ফসল নষ্ট হয়ে পরিবার গুলোর আনুমানিক ৫ লক্ষ টাকার ফসল ক্ষতি হতে পারে।	বন্যাসহনশীল জাতের ফসল চাষ সম্পর্কে ১২০০জন কৃষকদের সচেতনতা বাড়ানো দরকার এবং আগাম উৎপাদনের জন্য পরামর্শ প্রদান করা
২০০৭ সালের মত বন্যা হলে ২১০০ টি পরিবার আলগা চুলা ও খড়ি লাকড়ী না থাকায় একবেলা খেয়ে থাকতে হবে এবং নানা রকম রোগো আক্রান্ত হতে পারে	১২৭৫পরিবারকে আলগা চুলা ওশুকনা খড়ি মজুদের জন্য সচেতনতা বৃদ্ধি করতে হবে
২০০৭ সালের মত বন্যা হলে ১৮৩ টি পরিবারের প্রতিবন্ধি সহায়ক উপকরন না থাকায় বন্যার সময় পড়ে গিয়ে ১০-১২জন প্রতিবন্ধি মারা যেতে পারে	১৮৩ জন প্রতিবন্ধিকে সহায়ক উপকরণ দেওয়া দরকার
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের চরএলাকার ৮৫০টি পরিবারের ৫১৫ জন লোকের সারাদিন ভেজা কাপড়ে থাকার জন্য বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে	১২০০টি দরিদ্র পরিবারকে (নারীদের) শাড়ী কাপড় বিতরন করা দরকার ও এবং পবিবারের আয় বৃদ্ধিও জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা দরকার।
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ১২৪০ টি পরিবারের মধ্যে চুরি ডাকাতি ও মালামাল খোয়া গিয়ে আনুমানিক ৫ লক্ষ টাকার সম্পদ ক্ষতি হতে পারে	বন্যার সময় ১০টি চরের নিরাপত্তা জোরদার করার জন্য প্রশাসনিক সহযোগিতার প্রয়োজন
২০০৭ সালের মত বন্যা হলো ফুলছড়ি ইউনিয়নের ২৫ একর জমির শাকসবজি নষ্ট হযে ২৫০০ পরিবার গুলোর মধ্যে পুষ্টির অভাব দেখা দিতে পারে	১২০০টি পরিবারের মাঝে বন্যা সহনশীল সবজির বীজ বিতরন করতে হবে
২০০৭ সালের মত বন্যা হলে ফুলছড়ি ইউনিয়নের ২৫০৮ টি পরিবার বন্যার আগাম সংবাদ না পেয়ে গরু ছাগল হাঁস মুরগি ও অন্যান্য সম্পদ ভেসে গিয়ে আনুমানিক ১০ লক্ষ টাকার সম্পদ ক্ষতি হতে পারে	১২টি চরে আগাম সংবাদ দেওয়ার জন্য ৫০ জন স্বেচ্ছাসেবক তৈরি করা দরকার
